

নদীয়ার ‘পিপুলবেড়ীয়া হাই স্কুলে’ পিপলস্ রিসার্চ প্রজেক্ট বিষয়ক আলোচনা সভা
২০জুন, ২০১৮

পার্টিশন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা প্রকল্পের কাজ নির্ধারিত পরিকল্পনা অনুযায়ী চলছে। পশ্চিমবঙ্গে প্রকল্প নির্দিষ্ট জেলাগুলির কয়েকটি কলেজ ও বিশ্ববিদ্যালয়ে এই গবেষণা প্রকল্পের বিষয়টি নিয়ে Project Induction Meeting আয়োজন করা হচ্ছে। বিগত ২০শে জুন, ২০১৮ উত্তর নদীয়ার করিমপুর সংলগ্ন ‘পিপুলবেড়ীয়া হাই স্কুলে’ একটি প্রকল্প-পরিচিতি বিষয়ক কর্মশালা আয়োজিত হয়। কর্মশালায় অংশ নিয়েছেন প্রায় একানব্বই জন স্কুল শিক্ষক ও এলাকার বিশিষ্ট মানুষজন। কর্মশালায় বক্তব্য রাখেন প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ডঃ উত্তমকুমার বিশ্বাস। কর্মশালা উদ্বোধন করেন স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুক্ত পার্থপ্রতিম তিওয়ারি। উপস্থিত আগ্রহীদের সামনে প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্য তুলে ধরে বক্তব্য রাখেন প্রকল্পের কোর্ডিনেটর ও মানববিদ্যা অনুষদের অধিকর্তা অধ্যাপক মননকুমার মণ্ডল।

সভায় বিস্তারিত প্রশ্নোত্তর পর্ব চলে। আগ্রহীদের জিজ্ঞাসার উত্তর দেওয়া হয়। স্কুলের শিক্ষকদের মধ্যে প্রকল্পটি বিষয়ে উৎসাহ পরিলক্ষিত হয়।

আলোচনা সভা থেকে ঠিক হয়:

- পিপুলবেড়ীয়া উচ্চতর বিদ্যালয়ের শিক্ষক ও আগ্রহী গবেষকগণ এই প্রকল্পের সঙ্গে যুক্ত হবেন। প্রকল্পে যুক্ত হবার পদ্ধতি প্রকরণ অনুযায়ী তাঁরা ‘সমীক্ষক নিদর্শ’ পূরণ করবেন।
- প্রধান শিক্ষক এই কাজে কোর্ডিনেটরের ভূমিকা পালন করবেন।
- প্রাথমিক পর্বে নমুনা সংগ্রহের নিদর্শগুলি ৩১জুলাই এর মধ্যে জমা করবেন।
- সাক্ষাৎকার গ্রহণের বিষয়ে প্রকল্প-কোর্ডিনেটর ও সংশ্লিষ্ট স্কুলের প্রধান শিক্ষক যাবতীয় পদ্ধতি-প্রকরণ ও পরিকল্পনার বিষয়ে জানাবেন।
- গবেষকদের কাজের সাফল্যের ওপর পরবর্তী রিভিউ মিটিং-এ (অগাস্ট মাসে) আগামী পরিকল্পনা গ্রহণ করা হবে।

Project Coordinator

CLTCS, NSOU